

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

সং: ১৯৮
আগরতলা, ০৪ মার্চ, ২০১৭

করবী দেববর্মণের প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

বিশিষ্ট শিক্ষাবিদ এবং স্বনামধন্য কবি ও সাহিত্যিক প্রয়াত শ্রীমতি করবী দেববর্মণের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন মুখ্যমন্ত্রী মানিক সরকার। এক শোক বার্তায় মুখ্যমন্ত্রী তাঁর পরিবার - পরিজনদের প্রতিও আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেছেন।

শোক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, একাধারে একজন সফল কলেজ শিক্ষক, অধ্যক্ষ হিসাবে সহনশীল প্রশাসক এবং ছাত্রদরদী হিসাবে শিক্ষাঙ্গনে তিনি স্বীকৃত ও সমাদৃত ছিলেন। অসহায় শিশু ও নারী কল্যাণে তিনি প্রকৃতই আন্তরিক ছিলেন। কবি ও সাহিত্যিক হিসাবে তিনি ছিলেন উচ্চ মননশীল। ভাবনা - চিন্তায় বরাবর ছিলেন সদর্থক। নিঃসন্দেহে তিনি ছিলেন একজন বড় মাপের মানুষ।

শ্রীমতি করবী দেববর্মণের প্রয়াণে ত্রিপুরার শিক্ষা, সাহিত্য ও মানবকল্যাণকর কাজের পরিসরে এক অপূরণীয় ক্ষতি হল।

This document was created using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com